গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
দিরাই, সুনামগঞ্জ।
www.derai.sunamganj.gov.bd

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি-১/১৪২৬ বাংলা

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৬ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত, ০১ বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট থেকে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত তারিখ ও শর্তে দরপত্র আহবান করা যাচ্ছে।

### ইজারাযোগ্য হাট-বাজারের তথ্যাদি

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ০৩ বছরের গড়মূল্য | ৬% বর্ধিতহারে কাঙ্খিত সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ১ | রতনগঞ্জ বাজার | জগদল | ৩০৫০/- | ৩২৩৩/- | ৫০০/- | |
| ২ | চরনারচর বাজার | চরনারচর | ৩৭৮৭৩/- | ৪০১৪৬/- | ৫০০/- | |
| ৩ | বোয়ালিয়া বাজার | কুলঞ্জ | ১০১৬৭/- | ১০৭৭৭/- | ৫০০/- | |
| ৪ | বাংলা বাজার | রফিনগর | ১৯৭১৬৭/- | ২০৮৯৯৭/- | ১২০০/- | |
| ৫ | ধল বাজার | তাড়ল | ৪৫৩৩৩/- | ৪৮০৫৩/- | ৫০০/- | |
| ৬ | নগদীপুর বাজার | জগদল | ১২৯৩৩/- | ১৩৭০৯/- | ৫০০/- | |
| ৭ | হোসেনপুর বাজার | জগদল | ৪৯৭০০/- | ৫২৬৮২/- | ৫০০/- | |
| ৮ | জগদল বাজার | জগদল | ৫৮০০/- | ৬১৪৮/- | ৫০০/- | |
| ৯ | কলিয়ার কাপন বাজার | জগদল | ২০০০/- | ২২০০/- | ৫০০/- | |
| ১০ | শ্যামারচর সাধারণ বাজার | চরনারচর | ৪৫৩৮৬০/- | ৪৮১০৯২/- | ১,৬০০/- | |
| ১১ | শ্যামারচর গরুর বাজার | চরনারচর | ২৯৯১৭৩/- | ৩১৭১২৪/- | ১,৪০০/- | |
| ১২ | রাজানগর বাজার | রাজানগর | ১২০২৬৭/- | ১২৭৪৮৩/- | ১,২০০/- | |
| ১৩ | আকিলশাহ বাজার | কুলঞ্জ | ৪৯৬৭/- | ৫২৬৫/- | ৫০০/- | |
| ১৪ | তারাপাশা বাজার | কুলঞ্জ | ৫৬৮৩/- | ৬০২৪/- | ৫০০/- | |
| ১৫ | টানাখালী বাজার | করিমপুর | ৭৯১৬৭/- | ৮৩৯১৭/- | ৫০০/- | |
| ১৬ | ভাটিপাড়া বাজার | ভাটিপাড়া | ৫০০/- | ৫৩০/- | ৫০০/- | |
| ১৭ | মধুপুর বাজার | রাজানগর ইউনিয়ন | | ৩০০০/- | ৫০০/- | |

### দিনপঞ্জিকা

(ইজারা চূড়ান্ত না হওয়া পর্যন্ত কার্যক্রম পর্যায়ক্রমে অব্যাহত থাকবে)

| পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ (সময় ১.০০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র বাক্স খোলার তারিখ (সময় ৩.০০ ঘটিকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ৫ |
| ১ম পর্যায় | ০৪.০২.২০১৯ খ্রি. | ০৫.০২.২০১৯ খ্রি. | ০৫.০২.২০১৯ খ্রি. | ধার্যকৃত কোন তারিখ যদি সরকারি ছুটির দিন ঘোষিত হয় তবে পরবর্তী ১ম কার্যদিবসে দরপত্র দাখিল করা যাবে। |
| ২য় পর্যায় | ১২.০২.২০১৯ খ্রি. | ১৩.০২.২০১৯ খ্রি. | ১৩.০২.২০১৯ খ্রি. | |
| ৩য় পর্যায় | ১৯.০২.২০১৯ খ্রি. | ২০.০২.২০১৯ খ্রি. | ২০.০২.২০১৯ খ্রি. | |
| ৪র্থ পর্যায় | ২৬.০২.২০১৯ খ্রি. | ২৭.০২.২০১৯ খ্রি. | ২৭.০২.২০১৯ খ্রি. | |
| ৫ম পর্যায় | ০৪.০৩.২০১৯ খ্রি. | ০৫.০৩.২০১৯ খ্রি. | ০৫.০৩.২০১৯ খ্রি. | |

### দরপত্র দাখিলের শর্তাবলী

১. হাটবাজারের দরপত্রের আবেদন/ফরম জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই, সহকারী কমিশনার (ভূমি), দিরাই এর কার্যালয়, ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, দিরাই শাখা এবং অফিসার ইন-চার্জ, দিরাই থানা হতে আগ্রহী দরদাতাগণ নির্ধারিত মূল্যে ক্রয় করতে পারবেন।

২. হাটবাজারের দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ, পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই এবং সহকারী কমিশনার (ভূমি), দিরাই এর কার্যালয় এর রক্ষিত দরপত্র বাক্সে (টেন্ডার বাক্সে) দাখিল করা যাবে।

৩. ১৪২৬ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে। দরপত্রের সাথে আবশ্যিকভাবে হালনাগাদ মুসক নিবন্ধন সার্টিফিকেট "মুসক-৮" সংযুক্ত করে দাখিল করতে হবে।

৪. দরপত্রদাতাকে দরপত্রের সহিত উদ্ধৃত দরের ৩০% অর্থ (ফেরতযোগ্য) জামানত হিসাবে দিরাই উপজেলার যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দিরাই এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। গৃহীত দরপত্রের সাথে সংযুক্ত জামানতের ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত নিজ খরচে বাজার পরিষ্কার রাখবেন। ইজারাদার বাজারের কোন ক্ষতি সাধন করলে রক্ষিত জামানত হতে ক্ষতিপূরণ আদায় করা হবে। ক্ষতিপূরণের পরিমান জামানতের রক্ষিত টাকার চেয়ে বেশী হলে বিধি মোতাবেক ইজারাদারের নিকট হতে আদায় করা হবে।

৫. যাহার দরপত্র গৃহীত হবে তাকে গৃহীত দরপত্রের সংবাদ অবহিত করণের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% অর্থ আয়কর ও ১৫% অর্থ ভ্যাট (মূল্য সংযোজন কর) হিসেবে অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় সংশ্লিষ্ট বাজারের ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৬. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশিষ্ট হাটবাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পর্যায়ক্রমে দরপত্রের বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখসমূহে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত পর্যায়ক্রমে অব্যাহত থাকবে।

৭. এক বাজারের ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ের অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৮. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক বাজার হতে টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে রাখবেন।

১০. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১১. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিজ দায়িত্বে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের সাথে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১৩. দুই বা ততোধিক দরপত্রদাতার দর একই হলে কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত গ্রহণ করবেন তা দরদাতাগণকে মানতে হবে।

১৪. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৫. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হবে না।

১৬. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ভোগকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ
ফোন ঃ ০৮৭২৪-৫৬০১৭
unoderai.su@gmail.com

স্মারক নং ০৫.৬০.৯০২৯.০০০.০৬.০০১.১৯-১৬(১০০)

তারিখঃ ০৭ জানুয়ারি ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১-২. সচিব, ভূমি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক), সুনামগঞ্জ
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
৮. উপজেলা নির্বাহী অফিসার............................................... (সকল), সুনামগঞ্জ

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সহকারী কমিশনার (ভূমি ), দিরাই, সুনামগঞ্জ
২. মেয়র, দিরাই পৌরসভা, দিরাই, সুনামগঞ্জ
৩. অফিসার ইনচার্জ, দিরাই থানা, দিরাই, সুনামগঞ্জ
৪. উপজেলা প্রকৌশলী, দিরাই / উপজেলা ............................ অফিসার, দিরাই এবং সদস্য উপজেলা হাট-বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটি ,দিরাই, সুনামগঞ্জ। [তাঁকে দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্র বাছাই কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো]
৫. সাব রেজিস্ট্রার, দিরাই, সুনামগঞ্জ
৬. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, দিরাই শাখা, সুনামগঞ্জ
৭. চেয়ারম্যান.............................(সকল), ইউনিয়ন পরিষদ, দিরাই [তাঁকে গ্রাম পুলিশের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো]
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, দিরাই [তাকে বিজ্ঞপ্তিটি মাইকিং/ঢোল সহরতের মাধ্যমে স্থানীয় হাট বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো ]
৯. পোস্ট মাস্টার, দিরাই, সুনামগঞ্জ
১০. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, দিরাই, সুনামগঞ্জ
১১. সম্পাদক, দৈনিক ......................................, সুনামগঞ্জ [তাকে উক্ত বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে তার পত্রিকায় বিতরের পাতায় আগামী .................... তারিখের পূর্বে একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো]
১২. অফিস কপি/মাস্টার কপি।

উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।